আমাদের সংগে যোগাযোগের বিবরণ

Contact a Family (কন্টাক্ট এ ফ্যামিলি)-র টেলিফোন নাম্বার:

0808 808 3555

সোমবার – শুক্রবার সকাল 10টা – বিকাল 4টা পর্যন্ত এবং সোমবার বিকাল 5.30টা – সন্ধ্যা 7.30টা পর্যন্ত ফোন করা যাবে।

এই নাম্বারে ফোনকল ফ্রী।

আমরা আনন্দের সংগে পরিবারটিকে ভাল করে জানেন ও চেনেন এমন অন্য কোনো পরিবার, পরিবারের বন্ধু -বান্ধবদেরকে বা অন্য কাউকে তথ্য দেবো।

ওয়েবসাইট:

www.cafamily.org.uk

www.makingcontact.org

এই প্রচারপত্রটির বিভিন্ন ভাষায় অনুবাদ Contact a Family-র কাছ থেকে পাওয়া যাবে।

টেলিফোনে ইন্টারপ্রিটিং সেবা ব্যবস্থা

আপনি Contact a Family -কে ফোন করতে পারেন এবং 100টিরও বেশি ভাষায় পাশকরা ইন্টারপ্রিটারের (দোভাষীর) সেবা নিতে পারেন। তারা তথ্য জানার ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারবেন।

এই সেবা ব্যবস্থা ব্যবহার করতে হলে:

- Contact a Family -কে নিচের নাম্বারে ফোন করুন: **0808 808 3555**
- তাদেরকে আপনার টেলিফোন নাম্বার বলুন
- যে ভাষার ইন্টারপ্রিটার প্রয়োজন সেই ভাষার নাম বলুন
- সম্ভব হলে আপনি কি ধরনের সাহায্য চাচ্ছেন তা ইংরেজিতে তাদেরকে বলুন
- তারপর কয়েক মিনিটের ভিতরেই কেউ না কেউ একজন ইন্টারপ্রিটারের মাধ্যমে আপনাকে ফোন করবেন এবং আপনার অনুসন্ধানের ব্যাপারে সাহায্য করবেন।

Prestige Network

LOTTERY FUNDED

This leaflet has been produced as part of the *Parents and Paediatricians Together* project and funded by the Big Lottery Fund.

Registered Office: 209-211 City Road,
London EC1V 1JN
Registered Charity Number: 284912
Company limited by guarantee
Registered in England and Wales No. 1633333
VAT Registration No. GB 749 3846 82

যদিও তথ্যের এই পুস্তিকাটি রচনা ও তৈরি করার সময় যথেষ্ট মনোযোগ প্রদান করা হয়েছে তথাপি এতে কোনো ভুল থাকলে বা কোনো কিছু বাদ পড়ে থাকলে Contact a Family দায়ী থাকবে না।

How Contact a Family might help – Bengali version

© Contact a Family, January 2007

contact a family
for families with disabled children

আপনার বাচ্চার কি এগুলোর কোনো একটি সমস্যা রয়েছে?

বুদ্ধিগত সমস্যা

শোনায় সমস্যা



আচরণগত সমস্যা

কথা বলায় সমস্যা



শারীরিক বিকলতা



স্বাস্থ্য সমস্যা

চোখে দেখায় সমস্যা

Contact a Family যে ভাবে সাহায্য করতে পারবে

অর্ডার কোড: C4

Parents & Paediatricians together

The Royal College of Paediatrics and Child Health এর সাথে Contact a Family একযোগে কার্যরত

আপনার বাচ্চার কি নিম্নলিখিত কোনো সমস্যা রয়েছে?

কানে শোনায় সমস্যা
আপনার বাচ্চা কি বধির অথবা কানে কম শুনে?

চোখে দেখায় সমস্যা
আপনার বাচ্চা কি অন্ধ বা চোখে কম দেখে?

কথাবার্তা বলায় সমস্যা
কথোপকথনে বা মনের কথা আদানপ্রদান করার ক্ষেত্রে আপনার বাচ্চার কি সমস্যা হয়?

শারীরিক বিকলতা
আপনার বাচ্চার কি তার শরীরের বিশেষ বিশেষ অঙ্গ ব্যবহার করে কাজ কর্ম করতে, যেমন হাত দিয়ে কাজকর্ম করতে বা টয়লেটে যেতে সমস্যা হয়?

বুদ্ধিগত সমস্যা
সহজ সরল নির্দেশ বুঝতে কি তার সমস্যা হয়?

আচরণগত সমস্যা
তার আচরণের কারণে কি সে নিজেই সমস্যায় পড়ে বা অন্য লোকদের সমস্যা হয়?

স্বাস্থ্য সমস্যা
তার কি দীর্ঘকালীন কোনো স্বাস্থ্য সমস্যা রয়েছে যেটির কারণে তার দৈনন্দিন জীবন প্রভাবিত হচ্ছে?

এসব সমস্যায় সাহায্য চাইলে Contact a Family-র সংগে যোগাযোগ করুন

Contact a Family সেসব পরিবারদেরকে সাহায্য ও তথ্য প্রদান করে যাদের বাচ্চার ডিজেবিলিটি (প্রতিবন্ধকতা) বা রোগেশোক জনিত কারণে বাড়তি সাহায্যের প্রয়োজন। Contact a Family একটি সরকারী প্রতিষ্ঠান নয়। চাইলে আপনার নাম পরিচয় গোপন রেখেই আমাদেরকে ফোন করতে পারবেন।

নানা ধরনের বিষয়ে পরামর্শ করা ও তথ্যের জন্য Contact a Family-কে ফোন করতে পারেন, যেমন:

শিক্ষা
স্কুলে আপনার বাচ্চাকে লেখাপড়ায় সহায়তা করার জন্য আপনি বাড়তি সাহায্য পাওয়ার যোগ্য কি না, তা জানতে আমরা আপনাকে সাহায্য করতে পারবো।

স্বাস্থ্য সমস্যা সম্পর্কিত তথ্য
আমরা সাধারণত বাচ্চার স্বাস্থ্য সমস্যা সম্পর্কে তথ্য দিতে পারবো এবং সাহায্যকারী সংগঠনগুলোর সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারবো, যারা আপনাকে সাহায্য করতে পারবে।

আচরণ
বাচ্চার আচরণ নিয়ে চিন্তিত থাকলে আমরা তার আচরণ সম্পর্কে বোঝা ও তা নিয়ন্ত্রণ করার ব্যাপারে তথ্য দিতে পারবো।

আপনার বাসস্থানে যন্ত্রপাতি
আপনার বাচ্চাকে সেবাযত্ন করার কাজটি সহজ করে তোলার জন্য যন্ত্রপাতির ব্যবস্থা করায় ও বাসস্থান উপযোগীকরণে কোথায় থেকে ও কিভাবে সাহায্য নিতে হয়, সে সম্পর্কে আমরা আপনাকে বলে দিতে পারবো।

পরিবহন
আপনার ও আপনার বাচ্চার যাতায়াতে কি ধরনের সাহায্যের ব্যবস্থা রয়েছে, সে সম্পর্কে জানতে আমরা আপনাকে সাহায্য করতে পারবো।

স্বল্প বিরতি বা আপনার বাচ্চার সেবাযত্নে সাহায্য
আমরা স্থানীয় সেবা ব্যবস্থাগুলোর সংগে যোগাযোগ করিয়ে দিতে পারবো। এসব সেবা ব্যবস্থা থেকে দুই এক ঘন্টার জন্য অথবা সারা রাত আপনার বাচ্চাকে দেখাশোনার করার জন্য লোকের ব্যবস্থা করা হতে পারে। এতে আপনি বিশ্রাম নিতে পারবেন।

হলিডে এবং অবসর বিনোদন
আমরা স্থানীয় স্থানসমূহ সম্পর্কে তথ্য দিতে পারবো যেখানে আপনার বাচ্চাকে নিয়ে গিয়ে আনন্দ ও ফুর্তি করতে পারবেন। হলিডের স্থানসমূহ খুঁজে বের করা ও হলিডের খরচ পরিশোধ করায় কিভাবে সাহায্য পেতে হয়, সে সম্পর্কেও আমরা আপনাকে তথ্য দিতে পারবো।

লেখাপড়া করতে বা চাকরি ধরতে চাইলে
চাকরি ধরতে চাইলে অথবা চাকরি পাওয়ার সুযোগ বাড়ানোর লক্ষ্যে ট্রেইনিং নিতে চাইলে বাচ্চাকে দেখাশোনা করার উপযুক্ত ব্যবস্থা সম্পর্কে আমরা আপনাকে তথ্য দিতে পারবো। চাকরিতে ফিরে যেতে চাইলে আমরা আপনাকে কর্মজীবিদের অধিকারগুলো সম্পর্কেও বলে দিতে পারবো।

আর্থিক সাহায্য
আমরা আপনার প্রাপ্য আর্থিক সাহায্যগুলো সম্পর্কেও পরামর্শ দিতে পারবো।

দেনা
আপনার বাসস্থানের বিল পরিশোধ করা আপনার জন্য কঠিন হয়ে দাঁড়ালে আমরা ঐসব প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ করিয়ে দেবো যেগুলো আপনাকে সাহায্য করতে পারবে।

অন্যান্য পরিবারের সংগে যোগাযোগ
আপনার বাচ্চার মতো একই অবস্থার অন্যান্য বাচ্চাদের মা-বাবাদের সংগে যোগাযোগ করিয়ে দিতে পারবো অথবা আপনার নিকটে বসবাসকারী একই সমস্যার সম্মুখীন মা-বাবাদের সাথে পরিচয় করিয়ে দিতে পারবো।

ফ্রিফোন হেল্পলাইন: **0808 808 3555**
ওয়েব: **www.cafamily.org.uk**